

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সার্কুলার নং ২০-এ

তারিখ: ২৪/০২/২০১০ খ্রি।

বিষয়: অধস্তন আদালতের বিচারকদের জন্য অবশ্যই পালনীয় কতিপয় নির্দেশাবলী সংক্রান্ত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট তাহার অধস্তন আদালত সমূহের সকল পর্যায়ের বিচারকগণের জন্য অবশ্যই পালনীয় নিম্নোক্ত নির্দেশাবলী জারী করিবেনঃ-

- (ক) বিচারকগণ-কে তাঁহাদের অফিসে আগমন ও প্রস্থান, এজলাসে আসন গ্রহণ ও আসন ত্যাগ এবং অফিস ও কোর্ট পরিচালনার ক্ষেত্রে দেওয়ানী নিয়ম ও আদেশাবলীর (Civil Rules & Orders) সংশ্লিষ্ট বিধি সমূহ পুঁজ্যানুপুঁজ্যভাবে অনুসরণ করা;
- (খ) সকল জেলা জজ/মহানগর দায়রা জজ/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ তাঁহাদের নিয়ন্ত্রণাধীন বিচারকদের প্রতি সপ্তাহের বিচারিক কাজের হিসাব সংশ্লিষ্ট বিচারকগণের নিকট হইতে রিপোর্ট আকারে গ্রহণ করিবেন;
- (গ) আদালত ভবন ও উহার আঙিগা, বাথরুম, করিডোর, বাগান ইত্যাদি সর্বদাই পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সহ আদালত ভবনে সার্বক্ষণিক পানির সরবরাহ নিশ্চিত করা;
- (ঘ) সকল আদালতের বিচারাধীন এবং নিষ্পত্তিকৃত নথি সমূহ বিধি অনুযায়ী শ্রেণী বিন্যাস করতঃ সংশ্লিষ্ট দণ্ডর/রেকর্ড রচনের র্যাকে যথাযথভাবে প্রতিস্থাপন পূর্বক উহাতে সনাত্ত সূচক স্লিপ ব্যবহার নিশ্চিত করা;
- (ঙ) বিচারকগণের কর্মসূল ত্যাগ সংক্রান্ত অত্র কোর্টের গত ০৫/০৭/২০০৭ ইং তারিখের ৪-এ নং সার্কুলারটি যথাযথভাবে মানিয়া চলা;
- (চ) আদালতের কোন কর্মকর্তা/কর্মচারী কর্তৃক তাহার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অফিস ও কর্মসূল ত্যাগ না করা;
- (ছ) আদালতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর অফিসে যথাসময়ে আগমন ও প্রস্থানের বিষয়টি নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক হাজিরার মাধ্যমে নিশ্চিত করা;

জনস্বার্থে জারীকৃত অত্র নির্দেশাবলী অবিলম্বে কার্যকর হইবে।

আদেশক্রমে

স্বা/-

(মোঃ শওকত হোসেন)  
রেজিস্টার